বিভাগ খ

## সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি

প্রতিটি প্রশ্নের মান (1)

**কমবেশি ২০টি শব্দে উত্তর দাও।**

**1** Linguistics-কে বাংলায় 'ভাষাবিজ্ঞান' বলা হয় কেন?

>> Linguistics শব্দটির অর্থ হল Science of Language বা ভাষার বিজ্ঞান। এখানে ভাষা সম্পর্কে বৈজ্ঞানিক পদ্ধতিতে আলোচনা করা হয় বলে একে 'ভাষাবিজ্ঞান' বলে।

**2** বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা সম্পর্কে আলোচনার প্রথম ধাপটি উল্লেখ করো।

>> বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা আলোচনার প্রথম ধাপ তথ্য সংগ্রহ ও নথিভুক্ত করা। কথ্য ও লেখ্য উভয় ভাষা থেকেই তথ্য সংগ্রহ করা হয়।

**3** ভাষা বিশ্লেষণে কী কী ধরনের যন্ত্রের সাহায্য লাগে?

>> ভাষার ধ্বনিসমূহের রেখাচিত্র, উচ্চারণ প্রক্রিয়া ইত্যাদি বিভিন্ন দিক সম্বন্ধে তথ্য সংগ্রহ করা হয় কাইমোগ্রাফ, কৃত্রিম তালু, এক্স-রে ফোটোগ্রাফ প্রভৃতির সাহায্যে।

**4** ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞানের প্রধান পার্থক্য কী?

>> ভাষাতত্ত্ব প্রধানত প্রাচীন সাহিত্যের ভাষা বিশ্লেষণ করে প্রাচীন মানুষের ইতিহাস-ধর্ম-সাহিত্য-সংস্কৃতির সন্ধান দেয়। ভাষাবিজ্ঞান জোর দেয় চালু কথ্যভাষার বিশ্লেষণে এবং ভাষার সাধারণ তত্ত্ব অনুসন্ধানে।

**5** বর্ণনামূলক ব্যাকরণের সঙ্গে বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের পার্থক্য সম্বন্ধে ড. সুকুমার সেনের মতামতটি লেখো।

>> বর্ণনামূলক ভাষাবিজ্ঞানে ভাষার অতীত ইতিহাস নিয়ে কোনোরূপ আলোচনা থাকে না, এখানে শুধু ব্যাবহারিক দিক দিয়েই ভাষার গঠনরীতি বিশ্লেষণ করা হয়।

**6** ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের একটি বৈশিষ্ট্য লেখো।

>> ঐতিহাসিক ভাষাবিজ্ঞান পদ্ধতিতে ভাষাবিশেষের উৎস, ইতিহাস, ক্রমবিবর্তনের রূপরেখা আলোচনা বা বিশ্লেষণ করা হয়।

**7** "মনের এই ত্রিধা বৃত্তির প্রকাশ ঘটে ত্রিবিধ ক্রিয়ায়"— ত্রিবিধ ক্রিয়া কী?

>> মনের ত্রিধা বৃত্তি হল চিন্তা, সংকল্প এবং অনুভব। এই ত্রিধা বৃত্তির প্রকাশ ঘটে জ্ঞানান্বেষণ, কর্মসাধনা ও সৌন্দর্য সৃষ্টি— তিনটি ক্রিয়ায়।

**8** ভাষাবিজ্ঞানী স্টার্টেভান্ট নির্দেশিত ভাষার সংজ্ঞাটি দাও।

>> মানুষের বাগ্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত যেসব ধ্বনিময় প্রতীকের সমষ্টি দিয়ে মানুষ সমাজের অন্যান্য মানুষের সঙ্গে ভাব বিনিময় ও যোগাযোগ করে, তাই ভাষা।

**9** বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের একটি বৈশিষ্ট্য লেখো।

>> বর্ণনামূলক ভাষাবিজ্ঞানে ধ্বনি, শব্দ, বাক্য, বাক্যাংশ ইত্যাদির স্বরূপ ও গঠনগত দিক বিশ্লেষিত হয়, এগুলির অতীতের রূপ নির্ণয় করা হয় না।

**10** বিশ্বে সর্বপ্রথম কার হাত ধরে বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের রীতি-পদ্ধতি চালু হয়?

>> ভারতে মহামনীষী পাণিনির হাত ধরে খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে বর্ণনামূলক ভাষাতত্ত্বের জন্ম। পাণিনির লেখা যে অষ্টাধ্যায়ী ব্যাকরণে বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের রীতি-পদ্ধতি ধরা পড়েছে।

**11** পাণিনির পরবর্তীকালে কারা বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের চর্চাকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন?

>> পাণিনির পরবর্তীকালে ক্যাত্যায়ন, পতঞ্জলি, চন্দ্রগোমী, ভর্তৃহরি, জয়াদিত্য, বামন, কৈয়্যট প্রমুখ বর্ণনামূলক ভাষাচর্চার ধারাকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন।

**12** ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের লেখা বর্ণনামূলক ভাষাবিষয়ক দুটি গ্রন্থের নাম লেখো।

>> সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বর্ণনামূলক ভাষাবিষয়ক দুটি গ্রন্থ হল— ① 'A Brief Sketch of Bengali Phonetics' এবং ② 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ'।

**13** পাশ্চাত্যে কে প্রথম বর্ণনামূলক ধারার সূত্র প্রতিষ্ঠা করেন?

>> সুইস ভাষাবিজ্ঞানী ফার্দিনান্দ দ্য স্যোসুর পাশ্চাত্যে বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের প্রতিষ্ঠাতা। তিনিই প্রথম বর্ণনামূলক ধারার সূত্র প্রতিষ্ঠা করেন।

**14** 'Handbook of American Indian Language' গ্রন্থটি বিখ্যাত কেন?

>> 'আমেরিকার আদিম অধিবাসীদের অনুন্নত ভাষাগুলির একটির রূপ অন্যটির ওপর আরোপ করা সম্ভব নয়'— সূত্রটি প্রতিষ্ঠার জন্যই ফ্রানৎস্ বোয়েসের গ্রন্থটি বিখ্যাত।

**15** ভাষাবিজ্ঞানের ইতিহাসে স্যার উইলিয়াম জোন্‌স বিখ্যাত কেন?

>> স্যার উইলিয়াম জোন্‌সের হাত ধরেই ভাষার তুলনামূলক চর্চা শুরু হয়। তাঁর মতে সংস্কৃত, প্রাচীন গ্রিক, লাতিন, ফরাসি ইত্যাদি ভাষা আদিতে একটি ভাষাবংশ থেকে সৃষ্টি হয়েছিল।

**16** তুলনামূলক ভাষাবিজ্ঞানের একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

>> এই পদ্ধতিতে মূলত রূপগত বৈপরীত্য, ধ্বনিগত ঐক্য, বিন্যাসগত সাদৃশ্য ও সমতার উপর ভিত্তি করে একাধিক ভাষার মধ্যে তুলনা করা হয়।

**17** তুলনামূলক ব্যাকরণ রচনায় জ্যাকব গ্রিমের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য কেন?

>> জ্যাকব গ্রিম তুলনামূলক ভাষাচর্চা বিষয়ে তাঁর লেখা 'Deutsche Grammatik' গ্রন্থে ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের ধ্বনি পরিবর্তনের রীতি সূত্রাকারে প্রথম প্রকাশ করেন।

**18** 'নিঘণ্টু' কী?

>> 'নিঘণ্টু' হল যাস্ক প্রণীত বৈদিক অভিধান। প্রাচীন ভারতীয় ব্যাকরণবিদ যাস্ক রচিত গ্রন্থ 'নিরুক্ত'-এর শেষে থাকা বৈদিক শব্দাবলির তালিকা হল 'নিঘণ্টু'।

**19** অমরসিংহ রচিত অভিধান গ্রন্থের নাম লেখো।

>> অমরসিংহ রচিত 'অমরকোষ' বা 'নামলিঙ্গানুশাসন' প্রাচীন ভারতের একটি উন্নত অভিধান গ্রন্থ।

**20** 'শব্দকল্পদ্রুম' কী?

>> ঊনবিংশ শতাব্দীতে রাজা রাধাকান্ত দেবের পৃষ্ঠপোষকতায় সংকলিত 'শব্দকল্পদ্রুম' হল ভারতীয় অভিধান ধারার এক সমৃদ্ধ সংযোজন। এটি শুধু অভিধান নয়, এটি একটি বিশ্বকোশ।

**21** বিশ্ববিখ্যাত 'Oxford English Dictionary'-র আদি পরিচয় দাও।

>> পৃথিবীর বিভিন্ন ভাষার শব্দ নিয়ে তেরো খণ্ডে রচিত অভিধানের আদি নাম 'A New English Dictionary on Historical Principles'। অর্থ নিরূপণে এতে নতুন ধারা অনুসৃত হয়।

**22** সমাজভাষাবিজ্ঞান কাকে বলে?

>> ভাষা কীভাবে সমাজে কাজ করে এবং সমাজ কীভাবে ভাষার ওপর প্রভাব বিস্তার করে, তা যে শাস্ত্র আলোচনা করে, সেটিই সমাজভাষাবিজ্ঞান।

**23** নৃ-ভাষাবিজ্ঞানের কাজ কী?

>> একটি ভাষিক সমাজে ভাষার সঙ্গে সংস্কৃতির সম্পর্ক— ওই সমাজের ঐতিহ্য, বিশ্বাস, প্রথা, পারিবারিক সংগঠন প্রভৃতির সঙ্গে ভাষার সম্পর্ক আলোচনা করা নৃ-ভাষাবিজ্ঞানের কাজ।

**24** ভাষাতত্ত্বে মনস্তত্ত্বকে অন্তর্ভুক্তির ক্ষেত্রে কোন্ দিকের ওপর অধিকতর গুরুত্ব আরোপ করা হয়?

>> যে মানসিক বাধ্যবাধকতা থেকে ভাষা ব্যবহৃত হয় সেই মানসিক প্রক্রিয়াসমূহ, ভাষার উৎপাদন, প্রত্যক্ষকরণ ও উপলব্ধি ক্ষমতার ওপর গুরুত্ব আরোপ করা হয়।

**25** শৈলীবিজ্ঞানী যেসব প্রকরণ (Tool) ব্যবহার করেন, সেগুলি কী কী?

>> শৈলী বিচার-বিশ্লেষণে যে প্রকরণগুলি ব্যবহৃত হয়, সেগুলি হল— ① প্রমুখন (Foregrounding), ② বিচ্যুতি (Deviation), ③ সমান্তরালতা (Parallelism), ④ কোড-বদল (Code-switching), এবং ⑤ বহু-ধ্বনিময়তা (Polyphony)।

**26** ভাষাবিজ্ঞানের উদ্দেশ্য কী?

>> মৌখিক ভাষা নিয়ে বিজ্ঞানসম্মত চর্চাই হল ভাষাবিজ্ঞানের উদ্দেশ্য।

**27** বিজ্ঞানের অন্যান্য শাখার মতো ভাষাবিজ্ঞানের আলোচনাও কোন্ পদ্ধতিতে হয়?

>> ভাষাবিজ্ঞানের আলোচনা হয় আরোহমূলক পদ্ধতিতে, অর্থাৎ বিশেষ (Particular) থেকে সাধারণ (General)-এর দিকে।

**28** আরোহমূলক বা আরোহী পদ্ধতি কাকে বলে?

>> বিশেষ (Particular) থেকে সাধারণ (General)-এর দিকে এগোনো হয় যে পদ্ধতিতে, তাকে বলে আরোহমূলক পদ্ধতি।

**29** বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা সম্পর্কে আলোচনার প্রথম ধাপে কী করা হয়?

>> বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা সম্পর্কে আলোচনার প্রথম ধাপে করা হয় তথ্যসংগ্রহ (Data Collection) এবং নথিভুক্তকরণ (Recording)।

**30** বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা সম্পর্কে আলোচনার দ্বিতীয় ধাপে কী করা হয়?

>> বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা সম্পর্কে আলোচনার দ্বিতীয় ধাপে ইতিপূর্বে পাওয়া তথ্যকে বিশ্লেষণ (Analysis) করে তার যথাযথ বর্ণনা (Objective Description) দেওয়া হয়।

**31** ভাষাবিজ্ঞান কোন্ ভাষার চর্চা করে?

>> ভাষাবিজ্ঞান মানুষের মুখের ভাষার চর্চা করে।

**32** ভাষাবিজ্ঞানীরা কেন লিখিত ভাষার পরিবর্তে মৌখিক ভাষার ওপর গুরুত্ব দেন?

>> লিখিত ভাষা মৌখিক ভাষার তুলনায় নবীনতর ও সংকীর্ণতর এবং মৌখিক ভাষা-ব্যবহারকারীর সংখ্যা তুলনায় অনেক বেশি। তাই ভাষাবিজ্ঞানীরা মৌখিক ভাষাকেই গুরুত্ব দেন।

**33** ভাষাবিজ্ঞানের কাজ কী?

>> মানুষের মৌখিক ভাষার গঠন, প্রকৃতি এবং পদ্ধতি সম্বন্ধে বিজ্ঞানসম্মতভাবে চর্চা করাই হল ভাষাবিজ্ঞানের কাজ।

**34** ভাষার বিজ্ঞানসম্মত আলোচনা করা ছাড়া আর কোন্ কাজ করে ভাষাবিজ্ঞান?

>> মানবসভ্যতায় ভাষা কীভাবে কাজ করে—তা আলোচনা করাও ভাষাবিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ।

**35** **ভাষাবিজ্ঞানের তিনটি বহুল-প্রচলিত শাখা কী কী?**

>> ভাষাবিজ্ঞানের তিনটি বহুল-প্রচলিত শাখা হল—তুলনামূলক ভাষাবিজ্ঞান, ঐতিহাসিক ভাষাবিজ্ঞান এবং বর্ণনামূলক ভাষাবিজ্ঞান।

**36** **কে, কবে তুলনামূলক ভাষাবিজ্ঞানের আলোচনার সূত্রপাত করেন?**

>> স্যার উইলিয়াম জোন্‌স্ ১৭৮৬ খ্রিস্টাব্দে তুলনামূলক ভাষাবিজ্ঞান আলোচনার সূত্রপাত করেন।

**37** **স্যার উইলিয়াম জোন্‌স্ কোন্ ভাষাগুলির মধ্যে সাদৃশ্য খুঁজে পান?**

>> উইলিয়াম জোন্‌স্ সংস্কৃত, গ্রিক, লাতিন, ফরাসি ইত্যাদি ভাষার মধ্যে সাদৃশ্য খুঁজে পেয়েছিলেন।

**38** **স্যার উইলিয়াম জোন্‌স্ ভাষার মধ্যে সাদৃশ্য খুঁজে পেয়ে কোন্ সিম্ধান্তে এসেছিলেন?**

>> উইলিয়াম জোন্‌স্ সংস্কৃত, গ্রিক, লাতিন, ফরাসি ইত্যাদি ভাষার সাদৃশ্য খুঁজে পেয়ে সিম্ধান্তে এসেছিলেন যে, সেগুলি একটি মূলভাষা থেকে উৎপন্ন হয়েছে।

**39** **তুলনামূলক ভাষাবিজ্ঞানের কাজ কী?**

>> তুলনামূলক ভাষাবিজ্ঞানে একাধিক ভাষার সাদৃশ্য আবিষ্কার করে তাদের উৎস ভাষার বৈশিষ্ট্য নির্ণয় করা হয়।

**40** **উনিশ শতকে তুলনামূলক ভাষাবিজ্ঞানের চর্চা কোথায় হয়েছিল?**

>> উনিশ শতকে সমগ্র ইউরোপ মহাদেশ এবং পরের দিকে মার্কিন যুক্তরাষ্ট্রে তুলনামূলক ভাষাবিজ্ঞানের চর্চা হয়েছিল।

**41** **ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের কাজ কী?**

>> সময়ের সঙ্গে সঙ্গে ভাষার যে বিবর্তন ঘটে এবং সেই বিবর্তনের ফলে ভাষার সংগঠনে যে পরিবর্তন দেখা যায়—তা নির্দেশ করাই ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের কাজ।

**42** **কালভেদে ভাষার প্রধানত কোন্ বিষয়ের রূপান্তর ঘটে?**

>> কালভেদে ভাষার রূপান্তর ঘটে তার শব্দ ও পদের ধ্বনিগত রূপের।

**43** **বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের কাজ কী?**

>> বর্ণনামূলক ভাষাবিজ্ঞান কোনো ভাষার অতীত রূপ নিয়ে কোনোপ্রকার আলোচনা না করে তার সমকালীন রূপেরই বিচার-বিশ্লেষণ করে।

**44** **তুলনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত হয় কোন্ শতাব্দীতে?**

>> তুলনামূলক ভাষাবিজ্ঞানের আলোচনা অষ্টাদশ শতাব্দীতে শুরু হলেও সমগ্র উনবিংশ শতাব্দী জুড়ে এর ব্যাপক চর্চা হয়।

**45** **বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের সূত্রপাত হয় কোথায় এবং কখন?**

>> বিংশ শতাব্দীর গোড়ার দিকে ইউরোপে এবং পরবর্তীকালে মার্কিন যুক্তরাষ্ট্রে বর্ণনামূলক ভাষাবিজ্ঞান আলোচনার সূত্রপাত হয়েছিল।

**46** **কোন্ বিশেষ শ্রেণির ভাষার আলোচনার জন্য বর্ণনামূলক ভাষাবিজ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ?**

>> যে ভাষার অতীত নিদর্শন নেই, অথবা যে ভাষার লিখিত রূপ নেই—সেইসব ভাষার আলোচনার জন্য বর্ণনামূলক ভাষাবিজ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**47** **বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের চারটি প্রধান আলোচ্য বিষয় কী কী?**

>> ধ্বনিবিজ্ঞান ও ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব এবং শব্দার্থতত্ত্ব—বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের এই চারটিই প্রধান আলোচ্য বিষয়।

**48** **ধ্বনিবিজ্ঞানের আলোচ্য বিষয় কী?**

>> বাগ্‌যন্ত্রের সাহায্যে কীভাবে বাগ্‌ধ্বনি (Phoneme বা Speech Sound)-গুলি উচ্চারিত হয়—তা-ই ধ্বনিবিজ্ঞানের আলোচ্য বিষয়।

**49** **ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় কী?**

>> কোনো একটি বিশেষ ভাষায় ব্যবহৃত বাগ্‌ধ্বনিগুলির বিচার-বিশ্লেষণ করা হল ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।

**50** **রূপতত্ত্বের আলোচ্য বিষয় কী?**

>> রূপ অর্থাৎ ভাষার অর্থযুক্ত ক্ষুদ্রতম একক অর্থাৎ ভাষার শব্দ ও পদ-ই রূপতত্ত্বের আলোচ্য বিষয়।

**51** **বাক্যতত্ত্বের আলোচ্য বিষয় কী?**

>> বাক্যের সার্বিক আলোচনা এবং বিচার-বিশ্লেষণই বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়।

**52** **শব্দার্থতত্ত্বের আলোচ্য বিষয় কী?**

>> শব্দের অর্থকে পর্যালোচনা করাই শব্দার্থতত্ত্বের আলোচ্য বিষয়।

**53** **ভাষাবিজ্ঞান আলোচনার দুটি প্রধান দিক বা বিষয় কী কী?**

>> ভাষাবিজ্ঞান আলোচনার দুটি প্রধান দিক বা বিষয় হল—প্রধান ভাষাবিজ্ঞান এবং ফলিত ভাষাবিজ্ঞান।

**54** **প্রধান ভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয় কী?**

>> ভাষার কেন্দ্রীয় চরিত্র, বিন্যাস এবং তার গঠন-প্রণালীই প্রধান ভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয়।

**55** **ফলিত ভাষাবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় কী?**

>> ভাষার সঙ্গে অন্যান্য বিদ্যার সম্পর্ক বিচারবিশ্লেষণ করা এবং বিভিন্ন ক্ষেত্রে ভাষার অবদান পর্যালোচনা করা ফলিত ভাষাবিজ্ঞানের মূল আলোচ্য বিষয়।

**56** **প্রধান ভাষাবিজ্ঞানের পাঁচটি শাখা কী কী?**

>> প্রধান ভাষাবিজ্ঞানের পাঁচটি শাখা হল—① ধ্বনিবিজ্ঞান (Phonetics), ② ধ্বনিতত্ত্ব (Phonology), ③ রূপতত্ত্ব (Morphology), ④ বাক্যতত্ত্ব (Syntax) ও ⑤ শব্দার্থতত্ত্ব (Semantics)।

**57** **মনোভাষাবিজ্ঞান কী?**

>> মানবমনের বৈশিষ্ট্য ও গতিপ্রকৃতির সঙ্গে ভাষার সম্পর্কই হল মনোভাষাবিজ্ঞান।



**58** **স্নায়ুভাষাবিজ্ঞান কী?**

>> মানব-মস্তিষ্কের গঠন ও তার ক্রিয়া-প্রতিক্রিয়ার সঙ্গে মানবভাষার সম্পর্কই হল স্নায়ুভাষাবিজ্ঞান।

**59** **নৃ-ভাষাবিজ্ঞান কী?**

>> নৃতত্ত্বের সঙ্গে মানবভাষার সম্পর্কই হল নৃ-ভাষাবিজ্ঞান।

**60** **শৈলীবিজ্ঞান কী?**

>> সাহিত্য-রচনা বিশ্লেষণ বা সেটির নান্দনিক দিকটি ঠিকভাবে তুলে ধরা হয় শৈলীবিজ্ঞানে। ফলিত ভাষাবিজ্ঞানের এই শাখায় ভাষা ও সাহিত্যের সম্পর্কই আলোচ্য বিষয়।

**61** **অভিধানবিজ্ঞান কাকে বলে?**

>> ভাষাবিজ্ঞানের যে শাখায় বিজ্ঞানসম্মতভাবে অভিধান তৈরি করতে ভাষাবিজ্ঞানের প্রয়োগ আলোচনা করা হয়, তাকে বলে অভিধানবিজ্ঞান।

**62** **সমাজভাষাবিজ্ঞানের তিনটি ভাগের নাম লেখো।**

>> সমাজভাষাবিজ্ঞানের তিনটি ভাগ হল—বর্ণনাত্মক সমাজভাষাবিজ্ঞান, পরিবর্তমান সমাজভাষাবিজ্ঞান এবং প্রয়োগমূলক সমাজভাষাবিজ্ঞান।

**63** **ফলিত ভাষাবিজ্ঞান-এর শাখাগুলি কী কী?**

>> ফলিত ভাষাবিজ্ঞান-এর শাখাগুলি হল—① সমাজভাষাবিজ্ঞান, ② মনোভাষাবিজ্ঞান, ③ স্নায়ুভাষাবিজ্ঞান, ④ নৃ-ভাষাবিজ্ঞান, ⑤ শৈলীবিজ্ঞান এবং ⑥ অভিধানবিজ্ঞান।

**64** **বর্ণনাত্মক সমাজভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয় কী কী?**

>> ভাষার বক্তা ও শ্রোতার বৈশিষ্ট্য (লিঙ্গ, বয়স, শ্রেণি পরিচয়, পেশা, সম্প্রদায় ইত্যাদি) এবং ভাষার উপলক্ষ্য (Setting) (অর্থাৎ ভাষার পরিপ্রেক্ষিত)—এই তিনটিই বর্ণনাত্মক ভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয়।

**65** **বর্ণনাত্মক ভাষাবিজ্ঞানে বক্তা ও শ্রোতার কোন্ কোন্ বৈশিষ্ট্য নির্ণয় করা হয়?**

>> বক্তা বা শ্রোতার লিঙ্গ, বয়স, শ্রেণি, পেশা, সম্প্রদায় ইত্যাদি বৈশিষ্ট্য নির্ণয় করা হয় বর্ণনাত্মক ভাষাবিজ্ঞানে।

**66** **রেজিস্টার কাকে বলে?**

>> ভাষা-ব্যবহারের সময়কালীন পরিপ্রেক্ষিত অর্থাৎ উপলক্ষ্য অনুযায়ী উপভাষা বা মৌখিক ভাষার যে পরিবর্তন হয়, তাকেই বলা হয় রেজিস্টার।

**67** **কোড কাকে বলে?**

>> কোনো ব্যক্তি ভাষা-ব্যবহারে বিশেষ উপভাষার যে বিশেষ রীতি ব্যবহার করে, তাকেই বলা হয় কোড।

**68** **কোড-বদল কাকে বলে?**

>> কোনো ব্যক্তি পরিস্থিতি তথা উপলক্ষ্য অনুযায়ী তার 'কোড' (বিশেষ উপভাষার বিশেষ রীতি)-এর যে পরিবর্তন করে, তাকে বলা হয় কোড-বদল।

**69** **পরিবর্তমান সমাজভাষাবিজ্ঞানের কাজের ধারা কী?**

>> কোনো বিশেষ সমাজভাষার উদ্ভব, বিবর্তন এবং বিস্তার বা সংকোচনই পরিবর্তমান সমাজভাষাবিজ্ঞানের কর্মধারা।

**70** **দ্বিভাষিকতা কী?**

>> দুই ভাষাগোষ্ঠীর মানুষ সম্পর্কযুক্ত হওয়ায় উভয় ভাষাই পরস্পরের দ্বারা প্রভাবিত এবং পরিবর্তিত হয়ে সমান্তরালভাবে থেকে যাওয়াকে বলা হয় দ্বিভাষিকতা।

**71** **'ভাষার সংরক্ষণ' কাকে বলে?**

>> দুই ভাষাগোষ্ঠীর মানুষ সম্পর্কিত হলে যদি দুটি ভাষার একটি অন্যটির প্রভাবে ক্রমশ লোপ পায়, তবে তাকে বলা হয় ভাষার সংরক্ষণ।

**72** **প্রয়োগমূলক সমাজভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয় কী?**

>> ভাষা শিক্ষা (মাতৃভাষা ও অন্য ভাষা), অনুবাদরীতি, লিপি-প্রণালীর উদ্ভাবন, পরিমার্জনা ও সংশোধন, বানান সংস্কার, রাষ্ট্রভাষা ও সংযোগকারী ভাষা নির্ণয় ইত্যাদি প্রয়োগমূলক সমাজভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয়।

**73** **কোন্ শ্রেণির মানুষের ভাষার ক্ষেত্রে মনোভাষাবিজ্ঞান সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ?**

>> শিশুদের ভাষার ক্ষেত্রে মনোভাষাবিজ্ঞান সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ।

**74** **চমস্কি মস্তিষ্ককে কী বলেছেন?**

>> চমস্কি মস্তিষ্ককে বলেছেন 'ভাষা শেখার ব্যবস্থা' (Language Acquisition System, সংক্ষেপে L.A.S.)।

**75** **নোয়াম চমস্কি কোন্‌টিকে 'সর্বজনীন ব্যাকরণ' (Universal Grammar) বলেছেন?**

>> ভাষাশিক্ষার উপযোগী যে ব্যাকরণ জন্মগতভাবেই মানব-মস্তিষ্কে অবস্থান করে বলে জানিয়েছেন নোয়াম চমস্কি, তাকেই তিনি বলেছেন 'সর্বজনীন ব্যাকরণ'।

**76** **মনোভাষাবিজ্ঞান এবং স্নায়ুভাষাবিজ্ঞান-এর সাদৃশ্যের কারণ কী?**

>> আমাদের মন এবং স্নায়বিক কাজকর্ম যেহেতু মস্তিষ্ক দ্বারা নিয়ন্ত্রিত, তাই মনোভাষাবিজ্ঞান এবং স্নায়ুভাষাবিজ্ঞান-এর সাদৃশ্য আছে।

**77** **মানুষের ভাষা ব্যবহারে তার মস্তিষ্কের কোন্ অংশ গুরুত্বপূর্ণ?**

>> মানুষের মস্তিষ্কের বাম গোলার্ধের সুনির্দিষ্ট স্নায়ুগুলির গঠন তার ভাষা ব্যবহারে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**78** **স্নায়ুভাষাবিজ্ঞানকে কোন্ দুই ভাগে ভাগ করা যায়?**

>> ① ভাষা শেখা ও প্রক্রিয়াকরণ এবং ② ভাষাগত সমস্যার সংস্কার—এই দু-ভাগে স্নায়ুভাষাবিজ্ঞান বিভক্ত।

**79** **ভাষা-শিক্ষার ব্যাপারে মস্তিষ্কের কোন্ কোন্ অংশ বিশেষ কার্যকর?**

>> ভাষা-শিক্ষার ব্যাপারে মস্তিষ্কের থ্যালামাস বেসাল গ্যাংলিয়া এবং ধূসর বস্তু (Grey Matter) অঞ্চল বিশেষ কার্যকর।

**80** নৃ-ভাষাবিজ্ঞান কোন্ জাতীয় ভাষাগুলিকে সংরক্ষণ এবং বিচারবিশ্লেষণ করে?

>> নৃ-ভাষাবিজ্ঞান লুপ্তপ্রায় এবং মৌখিক ভাষাগুলির বৈশিষ্ট্য বিচারবিশ্লেষণ করে এবং সেইসব ভাষা সংরক্ষণও করে।

**81** শৈলীবিজ্ঞান-এ কী করেন ভাষাবিজ্ঞানীরা?

>> কোনো লেখকের লেখার শৈলী বিশ্লেষণ করেন শৈলী ভাষাবিজ্ঞানীরা।

**82** স্যোসুর কাকে 'লাঙ্' (Langue) বলেছেন?

>> ভাষার নানা উপাদান এবং তাদের পরস্পরের সম্পর্কের মূল সংবিধি, ভাষার বিভিন্ন উপাদান এবং উপাদানগুলির পারস্পরিক সম্পর্কের জালবিন্যাসকেই স্যোসুর লাঙ্ বলেছেন।

**83** পারোল বলতে কী বোঝ?

>> ভাষার লাঙ্-সংবিধানগুলিকে মান্য করেও ভাষা ব্যবহারের উপাদান নির্বাচন ও প্রতিস্থাপনের মধ্যে দিয়ে নিজস্ব বিন্যাসে স্পষ্ট ও একই বাচনক্রিয়াকে পারোল বলে।

**84** 'আলংকারিক নির্বাচন' কী?

>> কোনো রচনার পরিণামী প্রতিক্রিয়া সম্বন্ধে সচেতনতা তৈরি হলে যে নির্বাচনের প্রসঙ্গ এসে পড়ে, তাকে বলা হয় আলংকারিক নির্বাচন।

**85** রচনার শৈলী বিচার করার ক্ষেত্রে কোন্ প্রকরণ (tool)-গুলি ব্যবহৃত হয়?

>> শৈলী বিচারের ক্ষেত্রে প্রমুখন (Foregrounding), বিচ্যুতি (Deviation), সমান্তরালতা (Parallelism), কোড বা সংকেত বদল (Code Switching) এবং বহুস্বরতা বা বহুধ্বনিময়তা (Polyphony)—এই প্রকরণগুলি ব্যবহৃত হয়।

**86** ভারতে অভিধান লেখার সূচনা হয় কোন্ গ্রন্থের মাধ্যমে?

>> ভারতে অভিধান লেখার সূচনা হয় যাস্কের 'নিরুক্ত' গ্রন্থ থেকে।

**87** অভিধানকে ভাষার কী জাতীয় বিভাগ বলা হয়?

>> অভিধানকে ভাষার সংযোগমূলক বিভাগ (Liaison Division) বলা হয়।

**88** আদর্শ অভিধানে প্রতিটি Entry-র বা শব্দের ক-টি স্তর থাকে?

>> আদর্শ অভিধানে প্রতিটি Entry-র বা শব্দের ① গঠনগত স্তর, ② অন্বয়গত স্তর এবং ③ বাগার্থগত স্তর—এই তিনটি স্তর থাকে।

**89** একভাষিক অভিধান কাকে বলে?

>> যে অভিধানে এক ভাষার শব্দকে সেই ভাষাতেই ব্যাখ্যা করা হয়, তাকে বলা হয় একভাষিক অভিধান।

**90** দ্বিভাষিক অভিধান কাকে বলে?

>> যে অভিধানে এক ভাষার শব্দকে সর্বদাই অন্য এক ভাষা দিয়ে ব্যাখ্যা করা হয়, তাকে বলা হয় দ্বিভাষিক অভিধান।

**91** ইতিহাসভিত্তিক অভিধান কাকে বলে?

>> যে অভিধানে কোনো শব্দের আদি রূপ ও অর্থ পরবর্তীকালের পরিবর্তিত রূপ ও অর্থ প্রকাশ ক তাকে বলে ইতিহাসভিত্তিক অভিধান।

**92** একটি ইতিহাসভিত্তিক অভিধানের উদাহরণ দাও।

>> 'The Shorter Oxford English Dictionary' হল ইতিহাসভিত্তিক অভিধান।

**93** 'Dictionary' কথাটি প্রথম কোথায় পাওয়া যায়?

>> 'Dictionary' কথাটি প্রথম পাওয়া যায় ১৫৩৮ খ্রি প্রকাশিত থমাস এলিয়টের ল্যাটিন-ইংরেজি অভিধা

## বিভাগ গ